রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহণ মন্ত্রণালয়

জাহাজ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২রা আগষ্ট ১৯৯৪/১৮ই শ্রাবণ ১৪০১

এস, আর, ও নং ২৫৩-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদুদ্দেশ্যে প্রণীত সকল বিধিমালা বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (মেরিন একাডেমী, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "সার্টিফিকেট বা ডিগ্রী" অর্থ International Maritime Organization এর সদস্যভুক্ত দেশসমূহ কর্তৃক সময়ে সময়ে প্রদেয় বিভিন্ন ধরণের সার্টিফিকেট;



মূল্য: টাকা ৬.০০

(ভ) "স্বীকৃত প্রতিষ্ঠান বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে; বা

(ঘ) চুক্তির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উহার বয়ঃসীমা উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন সময়ের জন্য শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন, অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি—(১) স্থায়ী পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপ এক বা একাধিকবার সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ বা কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধির (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যে পর্যন্ত তিনি, সরকারী আদেশবলে সময়ে-সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাশ করেন এবং প্রশিক্ষণ সাফল্যের সহিত সম্পন্ন করেন।

তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য)]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কমানডেন্ট | ন্যূনতম ৪০ বৎসর | ডিপুটি কমানডেন্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে,<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;এবং পদোন্নতির অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে অথবা চুক্তির মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>ফিডার পদে কমপক্ষে ২ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য :<br>স্বীকৃত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে ২ বৎসর এবং নৌ-বা পজা বিষয়ে ২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা সহ—<br><br>(১) এক্সট্রা মাষ্টার বা সমমানের সার্টিফিকেটধারী, অথবা মেরিন বিষয়ে মাষ্টার্স বা সমমানের ডিগ্রীধারী, তবে মাষ্টার মেরিনার সার্টিফিকেট প্রাপ্তির পর ৫ বৎসরের চাকুরী তন্মধ্যে কমপক্ষে ২ বৎসর বদেশগামী জাহাজের নায়ক (ক্যাপ্টেন) হিসাবে চাকুরীর অভিজ্ঞতা।<br>অথবা<br><br>(২) এক্সট্রা প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেটধারী, অথবা মেরিন বিষয়ে মাষ্টার্স অথবা সমমানের ডিগ্রীধারী তবে প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল সার্টিফিকেট প্রাপ্তির পর ৫ বৎসরের |

| | | | |
|---|---|---|---|
| | | | চাকুরী তন্মধ্যে কমপক্ষে ২ বৎসর বিদেশগামী জাহাজের প্রধান প্রকৌশলী হিসাবে চাকুরীর অভিজ্ঞতা; অথবা (৩) মাষ্টার মেরিনার বা সমমানের সার্টিফিকেটধারী অথবা প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেটধারী, তবে মাষ্টার মেরিনার সার্টিফিকেট অথবা প্রথম শ্রেণীর মেরীন প্রকৌশল সার্টিফিকেট প্রাপ্তীর পর ৭ বৎসরের চাকুরী তন্মধ্যে বিদেশগামী জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে অথবা প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (৪) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে বি, এস, সি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রীসহ মেরিন বিষয়ে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২ | ডেপুটি কমানডেন্ট | নৌ-শিক্ষা প্রধান অথবা প্রধান প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলী অথবা চুক্তির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৩ | নৌ-শিক্ষা প্রধান | উর্দ্ধতন নৌ-প্রশিক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলী অথবা চুক্তির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪ | প্রধান প্রকৌশলী | | উর্দ্ধতন প্রকৌশলী প্রশিক্ষকের পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলী অথবা চুক্তির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। |
| ৫ | উর্দ্ধতন নৌ-প্রশিক্ষক | অনুর্দ্ধ ৪৫ বৎসর | ৫০% পদ নৌ-প্রশিক্ষক হইতে পদোন্নতির মাধ্যমে এবং ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতি ও সরাসরি নিয়োগের মাধ্যমে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে অথবা চুক্তির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য :<br>ফিডার পদে কমপক্ষে ২ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য :<br>(১) মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রী-সহ সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশ-গামী জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী।<br>অথবা<br>(২) মাষ্টার মেরিনার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর ৪ বৎসরের অভিজ্ঞতা। তন্মধ্যে বিদেশগামী জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | উর্দ্ধতন প্রকৌশলী প্রশিক্ষক | অনুর্দ্ধ ৪৫ বৎসর | ৫০% পদ প্রকৌশলী প্রশিক্ষকেরপদ হইতে পদোন্নতির মাধ্যমে<br>এবং | পদোন্নতির জন্য :<br>ফিডার পদে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : (১) একমাত্র প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। অথবা (২) প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রীসহ উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। অথবা (৩) প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর ৪ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। |
| ৭ | নৌ প্রশিক্ষক | অনূর্ধ ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রীসহ বা সমমানের সার্টিফিকেট ও ডিগ্রীসহ বিদেশগামী জাহাজের নায়ক (ক্যাপ্টেন) হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী। অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (২) মাষ্টার মেরিনার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সার্টিফিকেট প্রাপ্তির পর ৩ বৎসরের অভিজ্ঞতা তন্মধ্যে বিদেশগামী জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী।<br>অথবা<br>(৩) দ্বিতীয় শ্রেণীর ডেক যোগ্যতা সনদসহ ৫ বৎসরের চাকুরী। |
| ৮ | প্রকৌশলী প্রশিক্ষক | অনুর্ধ ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) প্রথম শ্রেণীর প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রীসহ বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী;<br>অথবা<br>(২) প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশলী বা সমমানের সার্টিফিকেটসহ সার্টিফিকেট প্রাপ্তির পর ৩ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী;<br>অথবা<br>(৩) দ্বিতীয় শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট (মোটরসহ) সহ ৫ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | উর্দ্ধতন যান্ত্রিক প্রকৌশলী প্রশিক্ষক। | | যান্ত্রিক প্রকৌশলী অথবা তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ১০ | উর্দ্ধতন তড়িৎ প্রশিক্ষক | | তড়িৎ প্রশিক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চ.কুরী। |
| ১১ | উর্দ্ধতন নৌ-স্থপতি | | নৌ-স্থপতি পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ১২ | প্রধান শিক্ষা কর্মকর্তা | | উর্দ্ধতন শিক্ষা কর্মকর্তা অথবা ইলেকট্রোনিক প্রশিক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৩ | উন্নয়ন কর্মকর্তা | | মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৪ | ইলেক্ট্রোনিক প্রশিক্ষক | | শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৭ বৎসরের চাকুরী। |
| ১৫ | তড়িৎ-যান্ত্রিক প্রকৌশলী | অনুর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ/যান্ত্রিক প্রকৌশলী ডিগ্রীসহ যন্ত্রপাতি স্থাপন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>অথবা<br>(২) তড়িৎ/যান্ত্রিক বিষয়ে ডিপ্লোমাসহ বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানে অথবা যন্ত্রপাতি স্থাপনের কাজে ১০ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬ | যান্ত্রিক প্রকৌশলী প্রশিক্ষক | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশলী ডিগ্রীসহ যে কোন বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। অথবা (২) যান্ত্রিক প্রকৌশলে ডিপ্লোমাসহ কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজে কর্মকর্তা হিসাবে ২ বৎসরের চাকুরী এবং বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানের ৩ বৎসরের চাকুরী। |
| ১৭ | এ্যাডজুটেন্ট | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (১) বাংলাদেশ নেভীর এক্সিকিউটিভ ব্রাঞ্চের লেফটেনেন্ট হিসাবে কমপক্ষে ২ বৎসরের নিয়মিত চাকুরীর বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন লেফটেনেন্ট অথবা সেনা/বিমান বাহিনীর সম পর্যায়ের প্রাক্তন কর্মকর্তা। অথবা (২) ৭ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সের প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট। |
| ১৮ | তড়িৎ প্রশিক্ষক | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন শিপিং অথবা বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা-সহ কোন স্বীকৃত প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ প্রকৌশলে ডিগ্রীপ্রাপ্ত অথবা তড়িৎ প্রকৌশলে ডিপ্লোমাসহ ১০ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | বিদেশগামী জাহাজে কমপক্ষে ২ বৎসরের জুনিয়ার তড়িৎ প্রকৌশলী হিসাবে অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯ | বেতার কর্মকর্তা | | জুনিয়র বেতার কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৭ বৎসরের চাকুরী। |
| ২০ | নৌ-স্থপতি | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | যে কোন বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচার ডিগ্রীসহ ৫ বৎসরের চাকুরী। |
| ২১ | উর্দ্ধতন শিক্ষা কর্মকর্তা | | শিক্ষা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ২২ | চিকিৎসা প্রশিক্ষক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম, বি, বি, এস, ডিগ্রীসহ ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৩ | জুনিয়র বেতার কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) অথবা সমমানের সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রেডিও ইলেকট্রোনিক্স-এ এম, এস, সিতে প্রথম শ্রেণী/রেডিও ইলেকট্রোনিক্স এ ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর এম, এস, সি/বি, এস, সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রোনিক্স)। জাহাজে চাকুরীতে ১ বৎসরের অভিজ্ঞতা অগ্রগণ্য |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৪ | শিক্ষা কর্মকর্তা(পদার্থবিদ্যা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রোনিক্স-এ বিশেষ জ্ঞানসহ পদার্থ বিদ্যায় প্রথম শ্রেণীর এম, এস, সি, অথবা ইলেট্রোনিক্স-এ বিশেষ জ্ঞানসহ পদার্থ বিদ্যায় ২য়. শ্রেণীতে বি, এস, সি (সম্মানসহ) ২য় শ্রেণীতে এম, এস, সি ডিগ্রী। |
| ২৫ | শিক্ষা কর্মকর্তা (গণিত) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত গণিতে প্রথম শ্রেণীর এম, এস, সি, অথবা ২য় শ্রেণীতে বি, এস, সি (সম্মান) সহ ফলিত গণিতে ২য় শ্রেণীর এম, এস, সি। |
| ২৬ | শিক্ষা কর্মকর্তা (ইংরেজী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজীতে প্রথম শ্রেণীর এম, এ, অথবা ২য় শ্রেণীরতে বি, এ, (সম্মান) সহ ইংরেজীতে ২য় শ্রেণীর এম, এ। |
| ২৭ | শিক্ষা কর্মকর্তা (মানবিক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর এম, এ, অথবা এম, এস, সি। অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সাধারণ ইতিহাস/ ইসলামের ইতিহাস/সমাজ বিজ্ঞান বা ভূগোল যে কোন একটি বিষয়ে ২য় শ্রেণীর (সম্মান) সহ ২য় শ্রেণীর এম, এ, অথবা এম, এস, সি। |
| ২৮ | প্রশাসনিক কর্মকর্তা | | উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার ডিগ্রী।<br>অথবা<br>অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাষ্টার ডিগ্রী। |
| ৩০ | অগ্নি নিয়ন্ত্রণ প্রশিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিদ্যায় ২য় শ্রেণীর এম, এস, সি ডিগ্রী তৎসহ ড্যামেজ কন্ট্রোল-কেমিক্যাল ফায়ার কাজে জ্ঞানসহ ২-বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>রসায়ন বিদ্যায় ২য় শ্রেণীর এম, এস, সি ডিগ্রী তৎসহ ড্যামেজ কন্ট্রোল-কেমিক্যাল, ফায়ার এবং অগ্নি নির্বাপন কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>(৩) বি, এস, সি /বি, এ, ডিগ্রী তৎসহ ড্যামেজ কন্ট্রোল কেমিক্যাল ফায়ার এবং অগ্নি নির্বাপন কাজে ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা ও বিদেশ হইতে উচ্চতর অগ্নি নিয়ন্ত্রণ কোর্সে সনদ থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১ | রেডিও ইলেকট্রোনিক্স টেক-নিশিয়ান | ৩০ বৎসর | ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>৫০% পদ ইনষ্ট্রেমেন্ট অপারেটরের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য :<br>এইচ, এস, সি পাসসহ প্রোগ্রামিং-এ প্রশিক্ষণ সনদ প্রাপ্ত।<br>পদোন্নতির জন্য :<br>ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের চাকুরী। |
| ৩২ | প্রদর্শক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা-সহ ২য় শ্রেণীর বি, এস, সি ডিগ্রী। |
| ৩৩ | গ্রন্থাগারিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩৪ | হিসাবরক্ষণ কর্মকর্তা | .. | ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ১০ বৎসরের চাকুরী। |
| ৩৫ | চীফ পেটি অফিসার (সিগন্যাল) | অনূর্ধ ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ নৌ-বাহিনীর উচ্চতর শিক্ষা পরীক্ষা অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাস তৎসহ বাংলাদেশ নৌ-বাহীনিতে প্রাক্তন পেটি অফিসার এবং সিগন্যাল স্কুলে প্রশিক্ষক হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা অথবা মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬ | চীফ পেটি অফিসার (সীম্যানশীপ) | অনূর্ধ ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলাদেশ নৌ-বাহিনীর উচ্চতর শিক্ষা পরীক্ষা অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাস তৎসহ বাংলাদেশ নৌ-বাহিনীর প্রাক্তন পেটি অফিসার। পেটি অফিসার হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতা এবং সীম্যানশীপ ট্রেনিং-এ কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা অথবা মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত ক্যাডেট। |
| ৩৭ | চীফ পেটি অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ন্যাশনাল ক্যাডেট কোর/আনসার/ভিডিপি হইতে প্রশিক্ষণ প্রাপ্ত।<br>অথবা<br>মেরিন একাডেমী হইতে প্রি-সী কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেট। |
| ৩৮ | শরীর চর্চা প্রশিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীর চর্চা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৩৯ | ফোরম্যান (উপ-সহকারী প্রকৌশলী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে যান্ত্রিক/শক্তি কৌশল বা অটোমোবাইল প্রকৌশল-এ ডিপ্লোমাসহ যে কোন স্বীকৃত প্রাপ্ত ওয়ার্কশপে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ৪০ | ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৪১ | ইলেকট্রোনিক মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪২ | বেতার প্রশিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) সার্টিফিকেটধারী অথবা নৌ-বাহিনীর জাহাজ প্রাক্তন রেডিও সুপারভাইজার তৎসহ বেতার ও ইলেকট্রোনিক্স যন্ত্রপাতি মেরামত ও সংরক্ষ কাজে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪৩ | ইনষ্ট্রোমেন্ট অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ-বিদ্যাসহ ২য় শ্রেণীর বি, এস, সি ডিগ্রী। |
| ৪৪ | সাঁটলিপিকার | The Stenographers and Steno-Typists (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules 1978 এর ১৬-৫-৭৮ তারিখের No. S R O. 109-L/ED/SWIII-3-18/73-128 এবং ১৬-২-৮৬ ইং তারিখের No.SRO. 57-L/86 অনুযায়ী। | | |
| ৪৫ | অগ্নি নিয়ন্ত্রণ সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স ডিপার্টমেন্ট হইতে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কোন স্বীকৃত বিশ্ব-বিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীধারী। |
| ৪৬ | ইমাম | .. | মোয়াজ্জিন পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ৪৭ | পরিবহন তত্ত্বাবধানকারী | .. | উচ্চমান সহকারীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৪৮ | দূরালাপনী তত্ত্বাবধানকারী | .. | টেলিফোন অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৪৯ | বাটার | .. | ককসেন পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০ | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৩৬% নিম্নমান সহকারী নিঃ সহকারী তথা মুদ্রাক্ষরিক হইতে পদোন্নতির মাধ্যমে।<br>এবং<br>(খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>ফিডার পদে কমপক্ষে ৫ বৎসর চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৫১ | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক। ক্যাশ ও বিল প্রদানে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫২ | ড্রাফ্‌টসম্যান | ৩০ বৎসর, | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। তবে মেশিন ড্রাফ্‌টসম্যান হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে |
| ৫৩ | সহকারী গ্রন্থাগারিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ স্বীকৃত লাইব্রেরী সায়েন্স এসোসিয়েশনের ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৫৪ | সাঁট-মুদ্রাক্ষরিক | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and attached Departments) Recruitment Rules, 1978 এর ১৬-৫-৭৮ ইং তারিখের No. S R O. 109-L/BD/SWIII-3-18/73-128 এবং ১৬-২-১৯৮৬ তারিখের No. SRO. 57-L/86 অনুযায়ী। | | |
| ৫৫ | প্রধান মেকানিক | .. | মেকানিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৬ | চিকিৎসা সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান/ইনষ্টিটিউট হইতে ফার্মাসিষ্ট সার্টিফিকেটসহ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা প্যারামেডিক্স সার্টিফিকেটসহ ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫৭ | রিফ্রিজারেটর মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং স্বীকৃত সরকারী প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট ধারী। |
| ৫৮ | মেশিনিষ্ট | ঐ | ঐ | ঐ |
| ৫৯ | মেক্যানিক | ঐ | ঐ | ঐ |
| ৬০ | মোটর-কার-লঞ্চ মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত কারিগরী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ট্রেড সার্টিফিকেট তৎসহ স্বীকৃত অটোমোবাইল ওয়ার্কশপে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬১ | ইনষ্ট্রুমেন্ট মেকানিক | .. | ফিডার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৬২ | ইলেকট্রিক ফিটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত এবং তৎসহ "এ" অথবা "বি" শ্রেণীর তড়িৎ লাইসেন্স থাকিতে হইবে। |
| ৬৩ | মোটর ড্রাইভার | ঐ | ঐ | বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬৪ | লঞ্চ ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ডিপার্টমেন্ট অব শিপিং কর্তৃক ইস্যুকৃত লঞ্চ ড্রাইভার হিসাবে সার্টিফিকেট অব কমপিটেনসীর ন্যূনতম ২য় শ্রেণীর সার্টিফিকেট থাকিতে হইবে এবং সকল রুটিন বোট ও সংশ্লিষ্ট দায়িত্ব পরিচালনায় সমর্থ হইতে হইবে। |
| ৬৫ | চীফ পেটি অফিসার | ঐ | ঐ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস এবং কোন স্বীকৃত ডকইয়ার্ড বা শীপ ইয়ার্ড এ বোট তৈরী ও জাহাজ মেরামত কাজে ৫ বৎসরের চাকুরী। |
| ৬৬ | নিম্নমান সহকারী/নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ এর নং-এস, আর, ও ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-১৯৮৫ এবং নং-এস, আর ও ১৯৯-আইন/৮৭ সম(এডি-১)/-১৫৩/৮৬, তারিখ ২০-৯-১৯৮৭ ইং অনুযায়ী। | | |
| ৬৭ | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে টি এণ্ড টি বোর্ড হইতে সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৬৮ | বেতার অপারেটর | ঐ | ঐ | কোন স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট বা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভি টি আই/টি টি সি) হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৬৯ | মোল্ডার/পেটার্ন মেকার | ঐ | ঐ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭০ | মোয়াজ্জিন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত মাদ্রাসা বোর্ড হইতে আলীম পাস |
| ৭১ | কুকলেন | .. | সুকানী/লস্কর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | সুকানী হিসাবে কমপক্ষে ৩ বৎসরের/লস্কর হিসাবে কমপক্ষে ৬ বৎসরের চাকুরী এবং ৩য় শ্রেণীর মাষ্টার সনদধারী। |
| ৭২ | গুদাম রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭৩ | হিট ট্রিটমেন্ট ওয়েল্ডার/স্মিথ | ঐ | ঐ | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৭৪ | ট্রেসার | ঐ | ঐ | ঐ |
| ৭৫ | চীফ ষ্টুয়ার্ড | .. | প্রধান পাচক/ষ্টুয়ার্ড পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | প্রধান পাচক হিসাবে কমপক্ষে ৩ বৎসর এবং ষ্টুয়ার্ড হিসাবে কমপক্ষে ৫ বৎসর এর চাকুরী। |
| ৭৬ | রোগী পরিচর্য্যাকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্যারামেডিক্স-এ সনদপ্রাপ্ত। |
| ৭৭ | সুকানী | .. | লস্কর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৬ বৎসরের চাকুরী। |
| ৭৮ | টার্নার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৭৯ | ফিটার | ঐ | ঐ | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮০ | কাঠ মিস্ত্রী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অন্যুন ৮ম শ্রেণী পাস এবং অবশ্যই শারীরিক ভাবে যোগ্যতা ও কাজের ক্ষেত্রে ব্যবহারিক অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮১ | বোট বিল্ডার | ঐ | ঐ | ঐ |
| ৮২ | তাবুকার | | ঐ | ঐ |
| ৮৩ | প্রধান পাচক | .. | পাচক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৮৪ | ষ্টুয়ার্ড | .. | ২৫% স্কালিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। এবং | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | ৩০ বৎসর | ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য : অন্যুন ৮ম শ্রেণী পাস তৎসহ যে কোন স্বীকৃত মেসে খাদ্য পরিবেশনকারী হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা অথবা পর্যটন কর্পোরেশন হইতে প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ৮৫ | পাচক | ঐ | ঐ | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের জন্য : অন্যুন ৮ম শ্রেণী পাস তৎসহ যে কোন স্বীকৃত মেসে পাঁচক হিসাবে ১ বৎসরের অভিজ্ঞতা অথবা পর্যটন কর্পোরেশন হইতে প্রশিক্ষণ প্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮৬ | ভাণ্ডারী | .. | স্কালিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ৮৭ | গার্ড-ইন-চার্জ | .. | নাইট চৌকিদার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৮৮ | প্রধান মালী | .. | মালী ও গ্রাউন্ডসম্যান পদ হইতে, পদোন্নতির মাধ্যমে। | মালী বা গ্রাউণ্ডসম্যান হিসাবে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৮৯ | গ্রীজার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। যান্ত্রিক দক্ষতা এবং ইঞ্জিন যন্ত্রাংশের জ্ঞান থাকিতে হইবে এবং রুটিন বোট চালনায় সমর্থ হইতে হইবে। |
| ৯০ | নথি রক্ষক | .. | এম, এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৯১ | ফায়ারম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং জাহাজের ইঞ্জিন কক্ষে কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ৯২ | যন্ত্রপাতি পরিচর্য্যাকারী | .. | এম, এল, এস, এস, পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৯৩ | লস্কর | ৩০ বৎসর | ৫০% পদ বোট ক্রু, পদ হইতে, পদোন্নতির মাধ্যমে।<br>এবং | (ক) পদোন্নতির জন্য :-<br>ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী |
| | | ৩০ বৎসর | ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য :-<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯৪ | ক্যানম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৯৫ | নাইট চৌকিদার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন বলিষ্ঠ শরীরের অধিকারী, শারীরিক যোগ্যতাসহ ন্যূনপক্ষে উচ্চতা ১.৬২ মিটার, ওজন ৫২ কেজি, বুকের মাপ '৭৬২-৮৬২ মিটার এবং ৬/৬ দৃষ্টিশক্তি সম্পন্ন হইতে হইবে |
| ৯৬ | মালী | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯৭ | গ্রাউণ্ডসম্যান | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯৮ | টোপাস | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস। অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৯ | গ্রন্থাগার পরিচর্যাকারী | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস এবং গ্রন্থাগার বা ফার্মে বই বাঁধাইয়ের কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০০ | সুইমিং পুল পরিচর্যাকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং জীবন রক্ষা বা সাঁতারে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০১ | বোট ক্রু | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাস তৎসহ বোট চালানোর এবং বোটের কার্যক্রম অনুযায়ী সংশ্লিষ্ট দায়িত্ব পালনে সমর্থ হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০২ | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০৩ | এস, এল, এস, এস | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইটার ও এস, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ এর নং এস, আর, ও, ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-১৯৮৫ এবং নং এস, আর ও, ১৯৯-আইন/৮৭ সম(এডি-১)-১৫৩/৮৬, তারিখ ২০-৯-১৯৮৭ইং অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ওয়ালিউল ইসলাম
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।